

## পূর্ণাঙ্গ পলিটেকনিক ইনসিটিউট হবে কোম্পানীগঞ্জে



কোম্পানীগঞ্জ প্রতিনিধি

২১ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২১ নভেম্বর ২০১৯ ০১:১৭

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী ইমরান আহমেদ চৌধুরী বলেছেন, গোয়াইনঘাট, জেতাপুর ও কোম্পানীগঞ্জে বর্তমান সরকারের আমলে শিক্ষা ও যোগাযোগের ক্ষেত্রে যুগান্তকারী উন্নয়ন সাধিত হয়েছে। কোম্পানীগঞ্জের ইমরান আহমদ কারিগরি কলেজকে একটি পূর্ণাঙ্গ পলিটেকনিক ইনসিটিউটে রূপান্তরিত করা হবে। গতকাল বুধবার সকাল ১০টায় সিলেটের কোম্পানীগঞ্জে

উপজেলার দলইরগাঁওয়ে ইমরান আহমদ কারিগরি কলেজের একাদশ শ্রেণির বিএম শাখার প্রথম বর্ষের (২০১৮-১৯ শিক্ষাবর্ষ) শতভাগ উন্নীত শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

advertisement

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রঞ্জুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেটের জেলা প্রশাসক কাজী এমদাদুল হক, কোম্পানীগঞ্জ উপজেলা চেয়ারম্যান শামীম আহমদ, ইউএনও সুমন আচার্য, গোয়াইনঘাট সরকারি কলেজের অধ্যক্ষ ফজলুল হক, সিনিয়র সহকারী পুলিশ সুপার (উত্তর) নজরুল ইসলাম, জেলা পরিষদ সদস্য জয়নাল আবেদিন প্রযুক্তি।